Allusion :—Bible (বাইব্‌ল্), *n.* খ্রীষ্টানদের ধর্মপুস্তক। ইহা দুই ভাগে বিভক্ত—ওল্ড টেস্টামেণ্ট ও নিউ টেস্টামেন্ট। প্রথমটিতে ইহুদীদের ইতিহাস ও দ্বিতীয়টিতে যীশু খ্রীষ্টের জীবনী লিখিত আছে। The Bible is the religious book of the Christians. It is divided into two parts—the Old Testament and the New Testament. In the former the history of the Jews is narrated and in the latter the story of Jesus Christ is told. [This story is better known as 'The Story of the Good Samaritan'.] Show, *v.* প্রমাণ করা; prove. What I mean—আমি যাহা বলিতে চাই; what I want to say. Traveller (ট্র্যাভেলার), *n.* পথিক; wayfarer. Was attacked, *v.* আক্রান্ত হইয়াছিল; was assaulted. (Was) wounded, *v.* আহত হইয়াছিল; was injured. Robbers, *n.* ডাকাতগণ; ruffians who rob people of money. Left, *v.* রাখিয়া দিয়াছিল; placed. Roadside, *n.* পথের ধার; wayside. While, *n.* সময়; time. A little while later—একটু পরে; sometime afterwards. Priests, *n.* পুরোহিতগণ; those who perform worship of gods. Came along—বরাবর আসিল। Came. . . .way—সেই পথ ধরিয়া বরাবর আসিল। Allusion! —Third man—এই তৃতীয় লোকটি প্যালেস্টাইনের স্যামেরিয়া-নামক স্থানের অধিবাসী ছিল। তাই তাহাকে বাইবেলে 'Samaritan' বলা হইয়াছে। This third man was the inhabitant of Samaria in Palestine. Hence he is called 'Samaritan'. Inn (ইন্), *n.* সরাইখানা, পান্থশালা; public house for lodging, etc. of travellers. *Took care of*—যত্ন লইয়াছিল, দেখাশোনা

করিয়াছিল; looked after. Acted (অ্যাক্টেড্), *v.* কাজ করিয়াছিল, আচরণ করিয়াছিল; behaved. Neighbour (নেবার্), *n.* প্রতিবেশী; one who lives next door :—*a.*=neighbourly.

Expl. :—*He acted like a true neighbour.*

[তৃতীয় ব্যক্তি অর্থাৎ স্যামেরিয়ার অধিবাসী প্রকৃতপক্ষে প্রতিবেশীর কাজ করিয়াছিল। যে বাড়ির পাশে থাকে সে-ই প্রতিবেশী নয়। যে পরের উপকার করে ও তাহাকে দয়া করে সে-ই উপকারপ্রাপ্ত ব্যক্তির প্রতিবেশী।]

This is taken from 'The Road to Happiness'. The third man or the inhabitant of Samaria behaved in a truly neighbourly way. One who lives next door is not always a neighbour. The man who does good and is kind to others is a true neighbour to them. A neighbour must always help his fellow-beings.

Gram. notes :—*Will tell*—v., trans., strong, active voice, future indefinite tense, indicative mood of the verb 'to tell', first pers., sing. numb., agreeing with its nom: 'I' and having 'you' (ind.) and 'story' (dir.) for its objects. *Way*—noun, com., third pers., obj. case, govd. by the prep. 'along'.

Ch. of voice :—One day....robbers—(Passive).

One day some robbers attacked and wounded a traveller—(Active).

২। অন্যান্য জিনিসও আছে যাহা আমাদের করা উচিত। আমি যাহা বলিতে চাই তাহা প্রমাণ করিবার জন্য আমি বাইবেল হইতে তোমাদের একটি গল্প বলিব। একদিন একটি পথিক কয়েকজন দস্যু-কর্তৃক আক্রান্ত ও আহত হইয়াছিল। তাহারা তাহাকে পথিপার্শ্বে ফেলিয়া গিয়াছিল। কিছু সময় পরে পর পর দুইজন পুরোহিত সেই পথ ধরিয়া আসিলেন, কিন্তু তাহাদের কেহই হতভাগ্য লোকটিকে সাহায্য করিলেন না। তারপর তৃতীয়জন আসিয়া আহত পথিককে একটি সরাইখানায় বহিয়া লইয়া গেল এবং তাহার দেখাশোনা করিল। যাহা পুরোহিত দুইজন করেন নাই সে তাহা করিল। সে প্রকৃত প্রতিবেশীর মত আচরণ করিয়াছিল।

Para 3. Gist :—To do positive good is as much necessary as not doing any harm to the society.

Neighbourly (নেবার্লি), *a.* প্রতিবেশীসুলভ, প্রতিবেশীর উপযুক্ত; befitting a neighbour :—*n.*=neighbour. Feeling, *n.* অনুভূতি, বোধ; perception; মনোভাব; spirit :—*v.*=feel. Neighbourly feeling—প্রতিবেশীসুলভ মনোভাব, অর্থাৎ সহানুভূতি; sympathy, fellow-feeling. Binds (বাইন্ড্স্), *v.* বাঁধে, একত্রিত করে; unites. Society (সোসাইটি), *n.* সমাজ; a group of persons living together :—*a.*=social.

Expl. :–*It is neighbourly....together.*

[মানুষ দলবন্ধ হইয়া বাস করে। একের বিপদে অপরকে সাহায্য করা মানুষের উচিত। মানুষ যদি মানুষকে সাহায্য না করিত, তাহা হইলে মানুষ বাঁচিতে পারিত না, আর সমাজের ভিত্তিও ভাঙ্গিয়া পড়িত; এই যে সহানুভূতির মনোভাব, ইহাই সমাজের প্রত্যেক লোককে এক বন্ধনে বাঁধিয়া রাখে।]

This is taken from 'The Road to Happiness'. The writer speaks of the feelings of sympathy that unite men in society. Men should help others. If men do not help one another, they will find it difficult to live, and the society will break down. The feeling of sympathy is the tie which unites different men who compose society.

Enough (এনাফ্), *a.* যথেষ্ট; sufficient. Cause (কজ্), *v.* করা; effect, do. Harm (হার্ম্), *n.* ক্ষতি; injury, mischief. Necessary (নেসেসারি), *a.* প্রয়োজনীয়; required.

Expl. :–*It is not....happy.*

[লোকের ক্ষতি না করিলেই যে লোকের উপকার করা হয় তাহা নয়। লোকের ক্ষতি করা তো উচিতই নয়, তাহা ছাড়া দেখিতে হইবে লোকের কিছু উপকার করা যায় কিনা। যদি লোকের কিছু উপকার করা যায়, তবেই আমরা সমাজের লোককে সুখী করিতে পারিব। অর্থাৎ লোককে সুখী করিতে হইলে তাহাদের কিছু উপকার করা দরকার।]

This is taken from 'The Road to Happiness'. The writer here says why people should be good to others. In a society people must help one another. But there are some people who do not injure others. At the same time they also do not do good to others. They remain indifferent. But this indifference is not a social feeling. One must do some positive good to others. When we do good to others, we make them happy, and our good actions show that we have social feeling.

Gram. notes :–*Cause*–has two objects–'nobody' (ind.) and 'harm' (dir.). *All we can*–The construction is: all 'which' we can 'do'. *Happy*–adj., obj. compl. to the v. 'make'.

৩। এই প্রতিবেশীসুলভ মনোভাব সমাজকে একত্রে বাঁধিয়া রাখে। আমরা অপরের ক্ষতি করিব না, ইহাই যথেষ্ট নয়, ইহাও প্রয়োজন যে আমরা আমাদের আশেপাশের লোকদের সুখী করিতে যথাসাধ্য চেষ্টা করিব।

Para 4. **Gist** :–In ancient times people fought with one another. So they made some rules to preserve society. Thus they saved society from being destroyed.

Olden, *a.* প্রাচীন; ancient. Did not think like this—এইভাবে চিন্তা করিত না। লোকে সে যুগে ভাবিত না যে সমাজে একত্র বাস করিতে হইলে পরস্পরের সাহায্য দরকার। তাই তাহারা মারামারি কাটাকাটি করিত। In ancient times, people did not think it necessary to help one another in order to live in society. So they quarrelled and fought with one another. Savages, *n.* অসভ্য লোকগণ; uncivilized men. Little—প্রায় না; scarcely. Often, *ad.* প্রায়; frequently. Stole, *v.* চুরি করিত; took away unnoticed :—*pr. t.*=steal. *Took by force*—গায়ের জোরে লইত; got by violence. Property, *n.* সম্পত্তি; land, house, etc. Hesitate (হেজিটেট্), *v.* দ্বিধাবোধ করা, ইতস্ততঃ করা; waver, vacillate :—*n.*=hesitation. Gradually (গ্র্যাডিউয়্যালি), *ad.* ক্রমশঃ; by slow degrees :—*a.*=gradual. Civilized (সিভিলাইজ্‌ড্), *a.* সভ্য; enlightened, refined :—*n.*=civilization. Behaved, *v.* আচরণ করিয়াছিল; acted. In this way—এইভাবে; in this manner, *viz.*, if they thus fought and killed one another. Would be destroyed, *v.* ধ্বংস হইবে; would be ruined, would face destruction. Society would be destroyed—সমাজ ধ্বংস হইবে। সমাজের লোকেরা যদি পরস্পর মারামারি কাটাকাটি করে, তাহা হইলে তাহারা মারা যাইবে। মানুষকে লইয়াই সমাজ; মানুষ মারা গেলে সমাজ থাকিবে কি করিয়া? If people fight and kill one another, they will be killed. And society is made up of men. If men are killed, who will compose the society? Certain—some. Guide (গাইড্), *v.* পরিচালনা করা, চালানো; direct. Conduct, *n.* আচরণ; behaviour. To guide their conduct—তাঁহাদের নীতি পরিচালনার জন্য অর্থাৎ ঠিক পথে চলিবার জন্য। You will find *ten such rules* in the Bible—what are these ten such rules? —এইরূপ দশটি নীতির কথা বাইবেলে উল্লিখিত আছে। এই দশটি নীতি কি? বাইবেল খ্রীষ্টানদের ধর্মগ্রন্থ। ঐ ধর্মগ্রন্থে ইহুদী ধর্মগুরু মুসা বা Moses-কে ঈশ্বর দশটি নীতি মানিয়া চলিবার জন্য উপদেশ দেন। ঐ দশটি নীতি বা নিয়মকে ইংরেজীতে Ten Commandments বলে। ঐ নিয়মগুলিতে কি কি করা উচিত নয়, তাহা বলা হইয়াছে। These rules are known as the Ten Commandments. In the Bible are written these Ten Commandments. Moses, the Jewish prophet, received these rules from God. These rules say what we ought not to do. Fellow-men, *n.* সমশ্রেণীর লোক, অর্থাৎ মানুষ; men of the same class, *i. e.*, men.

Gram. notes :—*People's*—coll. noun, 3rd pers., sing. numb., com. gend., geni. case, quali. 'property'. *Are*—anomalous verb of incompl. predication, indi. mood, pre. indefi. tense, 3rd pers.,

plu. numb., agree. with its noms. 'Do not....property' and 'Do not....fellow-men', completed by 'two of them'.

৪। যাহা হউক, অতি প্রাচীনকালে লোকে এইভাবে চিন্তা করিত না। তখন তাহারা ছিল অসভ্য এবং পশু অপেক্ষা সামান্যই উন্নত; আর তাহারা প্রায়ই পরস্পর মারামারি করিত। তাহারা অপরের সম্পত্তি চুরি করিত বা জোর করিয়া লইত এমন কি পরস্পরকে খুন করিতেও দ্বিধাবোধ করিত না। কিন্তু ক্রমে ক্রমে মানুষ সভ্য হইল। তাহারা দেখিল তাহারা যদি এইভাবে আচরণ করে, তাহা হইলে সমাজ ধ্বংস হইবে। তাই তাহারা ঠিক পথে চলিবার জন্য কয়েকটি নীতি স্থির করিল। তোমরা বাইবেলে এইরকম দশটি নীতি দেখিতে পাইবে। তাহাদের মধ্যে দুইটি হইল, "অপরের সম্পত্তি চুরি করিও না" এবং "তোমার সহযাত্রী মানুষকে খুন করিও না।"

Para 5. Gist:—These rules of the Bible tell us not to do certain things; but they do not tell us *what to do*. The things we should do are also very important in this respect.

Notice (নোটিস্), *v.* লক্ষ্য করা; observe. *Lay down, v. ph.* নির্দেশ দেয়; prescribe. *Dont's of conduct*—আমরা কি কি করিব না তাহা; things which we should not do. Good, *n.* উপকার; benefit. *Do's of conduct*—কি কি করা উচিত তাহা; things one should do. As well—আরও; also. Live and let live—বাঁচ ও বাঁচিতে দাও। সহ্য করিতে শেখ। তোমার দুর্বলতা যেমন কেহ বড় করিয়া দেখুক তুমি চাও না, সেইরূপ অপরের দুর্বলতার সুযোগ লইও না। অর্থাৎ মিলিয়া মিশিয়া বাস কর; be tolerant; as you do not want that men should take advantage of your weak points, so also you should not take advantage of the weak points of others; in other words, try to live in co-operation with one another. Idea, *n.* ধারণা; conception:—*a.*=ideal.

Expl.:—*"Live and let live"....others live."*

[অপরের কোনও ক্ষতি না করিয়াও আমরা সমাজে বাঁচিতে পারি। আবার অপরকে বিশেষভাবে সাহায্য করিয়া, তাহার উপকার করিয়াও আমরা বাঁচিতে পারি। কিন্তু সমাজে বাস করিতে হইলে শুধু অপরের ক্ষতি করিব না বলিলেই চলিবে না। অপরকে সাহায্য করিতে হইবে যাহাতে তাহারা সুন্দর জীবন যাপন করিতে পারে। আগে মানুষের ধারণা ছিল যে কাহারও ক্ষতি না করিলেই যথেষ্ট হইল। কিন্তু সভ্যতার ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে মানুষের ধারণার পরিবর্তন হইয়াছে। তাহারা বুঝিতে শিখিয়াছে সুন্দর জীবন যাপনের জন্য অপরকে সাহায্য ও উপকার করাও দরকার।]

This is taken from 'The Road to Happiness'. The writer speaks of certain rules of conduct. These rules are of two kinds. Some lay down that we should not do certain things. We may not cause harm to anybody. This is good. But we can do some

positive good to others. The rules, therefore, that lay down that we should do certain things are better. It is not enough that we should not do things which injure others. It is not enough that we should be tolerant. But we should also help others so that they may live in a better way. And in doing good to others lies the art of living. The prosperity of the society depends upon the 'Do's of conduct".

Advance, *n.* প্রগতি, উন্নতি; progress. **Civilization** (সিভিলাইজেশান), *n.* সভ্যতা; culture and progress in society. **Discovered** (ডিস্‌কাভার্ড), *v.* আবিষ্কার করিল; found out:—*n.*=discovery. **Art** (আর্ট), *n.* নৈপুণ্য, পদ্ধতি, কলা-কৌশল; skill, method. **Living together**—একত্রে বসবাস করিবার; *i. e.*, living in a society. *The art of living together*—সমাজে একত্রে মিলিয়া মিশিয়া বাস করিবার কলা-কৌশল; the method of living together in a society.

Gram. notes:—Help others *live*—pre. infi., intrans. ('to' being omitted after the v. 'help'), obj. compl. of 'help' being noun infinitive.

Analysis:—So when....as well.

This is a complex sentence consisting of the following clauses:—

A. They began....as well—Pr. cl.
B. So when men....civilized—Sub. adv. cl., modi. 'began to think' in A.
Conn.: when.

৫। তোমরা লক্ষ্য করিবে যে, এই সব নিয়ম আমাদের কতকগুলি জিনিস করিতে নিষেধ করে; অন্য কথায় আচরণবিধিতে কি করিতে হইবে না তাহা বলিয়া দেয়। কিন্তু আমি যেমন আগেই বলিয়াছি, আমরা আমাদের প্রতিবেশীদের ক্ষতি করিব না ইহাই যথেষ্ট নয়; ইহাও আমাদের দেখা কর্তব্য যে, আমরা যেন তাহাদের কিছু উপকার করিতে পারি। তাই মানুষ যখন আরও সভ্য হইল, তখন তাহারা কি কাজ করিবে সে সম্বন্ধেও ভাবিতে লাগিল। "বাঁচ এবং বাঁচিতে দাও" বেশ ভাল ধারণা; কিন্তু এখন মানুষের ইহা অপেক্ষা আরও ভাল ধারণা হইল। তাহারা বলিল, "বাঁচিতে হইলে অপরকে বাঁচিবার জন্য সাহায্য করিতে হইবে।" যখন লোকে এইভাবে চিন্তা করিতে লাগিল তখন তাহারা সভ্যতার বিশেষ উন্নতি করিল। তাহারা একত্রে বসবাস করিবার মহান্ নীতি আবিষ্কার করিল।

Para 6. Gist:—Modern society is based on co-operation. The comforts we receive in a society are due to our active help.

Modern, *a.* আধুনিক; up-to-date:—*n.*=modernity. **Works,** *v.*

কাজ করে; exerts labour. Works, *v.* চলে; acts in a certain way. In which....today—যেভাবে আজকাল সমাজ চলিতেছে, যেভাবে সমাজের কাজকর্ম আজকাল চলিতেছে; how the different activities of the society are at present carried on. Pay, *v.* দেওয়া; give. Taxes (ট্যাক্সেস্), *n.* কর, খাজনা; rents, revenues. Government, *n.* সরকার, শাসনতন্ত্রের কর্তৃপক্ষ; the authorities that administer, body of administrators :—*v.*= govern. Municipality (মিউনিসিপ্যালিটি), *n.* পৌরসংঘ; town corporation :—*a.*=municipal. Union, *n.* যোগ, মিলন; joining together. Board (বোর্ড্), *n.* সমিতি, পর্ষদ্; body of men to administer something. *Union Board*—ইউনিয়ন বোর্ড্; কয়েকটি গ্রামের মাতব্বর ব্যক্তিদের লইয়া এই সমিতি গঠিত হয়। গ্রামের রাস্তাঘাট পরিষ্কার, জনস্বাস্থ্যের প্রতি দৃষ্টি রাখা ইত্যাদি এই বোর্ডের কাজ। বর্তমানে নূতন আইনে এই বোর্ড তুলিয়া দিয়া আরও সুষ্ঠুভাবে পল্লীর কাজ করার জন্য পঞ্চায়েত ব্যবস্থা পত্তন করা হইয়াছে। This board is formed by the leading men of some villages. The duties of the board are to look after the roads, the health of the people, etc. At present these boards are being replaced by Panchayet system. The new system provides more facilities. In this way—এইভাবে। Sums, *n.* অর্থ; money. Are collected, *v.* সংগৃহীত হয়; are received from different quarters, are brought together. For.... all—সকলের উপকারের জন্য; for all men's benefit. Set up—স্থাপিত; established. Maintained (মেন্‌টেন্‌ড্), *pt. pl.* রক্ষিত, পরিচালিত; kept going. [স্কুল, হাসপাতাল তৈয়ারি করিবার জন্য যেমন টাকার দরকার, উহার দৈনন্দিন পরিচালনার জন্যও তেমনি টাকার দরকার। তাই set up এবং maintained, 'প্রতিষ্ঠা এবং রক্ষণাবেক্ষণ'—এই দুইটি কথার প্রয়োগ করা হইয়াছে।] Are run—চালানো হয়; are set in motion. Common, *a.* সাধারণ, সকলের জন্য সমান; general. Common good—সর্বসাধারণের মঙ্গল; *i. e.*, public good, general welfare. Pleasing, *a.* আনন্দকর; delightful :—*v.*=please. Thought, *n.* চিন্তা; idea. We....hand—আমাদের প্রত্যেকের হাত আছে অর্থাৎ আমরা সক্রিয় অংশ গ্রহণ করিয়াছি; we have taken active part. Making (মেকিং), *vl. n.* করা, গঠন করা; forming. Prosperous (প্রস্‌পারাস্), *a.* সমৃদ্ধিসম্পন্ন, শ্রীবৃদ্ধিসম্পন্ন; thriving, affluent :—*n.*=prosperity, *v.* =prosper.

Gram. notes :—*Union*—noun, used as adj., quali. 'Board'. *Making*—vl. n., accusative case, govd. by the prep. 'in'.

৬। এইভাবে আমরা দেখিতে পাই যে, বর্তমান সমাজে প্রত্যেক লোক শুধু নিজের ও তাহার পরিবারের জন্যই নয়, অপরের জন্যও বাঁচিয়া থাকে ও কাজ করে। আজকাল সমাজের কাজকর্ম যেভাবে চলিতেছে তাহার একটি পদ্ধতি এখানে দেওয়া

হইয়াছে। আমরা সরকার এবং পৌরসংঘ অথবা ইউনিয়ন বোর্ডকে কর দিই। এইভাবে যথেষ্ট পরিমাণ টাকা সংগ্রহ করা হয় এবং তারপর সকলের কল্যাণের জন্য তাহা ব্যবহার করা হয়। এই টাকায় বিদ্যালয় ও হাসপাতাল প্রতিষ্ঠা করা এবং চালানো হয়; রাস্তা ও সেতু নির্মাণ করা হয়, রেলগাড়ি চালানো হয় এবং রাস্তাঘাট পরিষ্কার রাখা হয়। যে টাকা আমরা দিই তাহার সাহায্যে এই সকল কাজ এবং সাধারণের মঙ্গলের জন্য অন্যান্য আরও অনেক কাজ করা হইয়া থাকে। সুখী ও সমৃদ্ধিশালী জাতি গঠনের কাজে আমাদের প্রত্যেকের হাত আছে ইহা কি ভাবিতে আনন্দ হয় না?

Para 7. Gist :—If we do not part with our money, we will not get all these.

Happen, *v.* ঘটা; occur. *Part with*—ত্যাগ করা, ছাড়া, (এখানে) খরচ করা; spend. Portion, *n.* অংশ; part. Dirty, *a.* নোংরা; filthy :—*n.*= dirt. Unhealthy (আন্‌হেল্‌থি), *a.* অস্বাস্থ্যকর; not healthy. Police, *n.* শান্তিরক্ষকবর্গ, পুলিস; the body of people keeping peace. Protect, *v.* রক্ষা করা; save :—*n.*=protection. Thieves—*plu.* of thief. Miserable (মিজারেব্‌ল্‌), *a.* দুঃখ-কাতর, দুর্দশাগ্রস্ত; suffering from misery or distress :—*n.*=misery. Danger, *n.* বিপদ্‌; risk. In danger—বিপন্ন; endangered. Our lives, etc.—because of thieves and robbers who would kill us for want of police

Gram. notes :—*Own*—pron., standing for 'money', subj. compl. to the v. 'is'.

৭। যদি আমরা সকলে বলিতাম, "যে টাকা আমরা রোজগার করি তাহা আমাদের, আমরা ইহার কোন অংশ দিব না," তাহা হইলে কি ঘটিবে তাহা একবার ভাব দেখি। তাহা হইলে আমাদের কোন স্কুল বা হাসপাতাল, রাস্তা বা সেতু বা রেলগাড়ি থাকিবে না; শহর ও গ্রাম নোংরা ও অস্বাস্থ্যকর হইবে। চোর-ডাকাত হইতে রক্ষা করিবার জন্য আমাদের কোন পুলিস থাকিবে না। আমরা প্রত্যেকেই দুর্দশাগ্রস্ত হইব এবং এমন কি আমাদের জীবনও বিপন্ন হইবে।

Paras 8-9. Gist :—Thus it is required that we should do something for the common good, not out of a sense of duty but out of a feeling of pleasure.

Sacrifices, *n.* ত্যাগ করা জিনিসসমূহ; things given up for a good purpose. Protect, *v.* রক্ষা করা; safeguard :—*n.*=protection. Interest, *n.* স্বার্থ; self-interest, advantage :—*a.*=interesting. Unless=if not.

Expl. :—*We cannot. . . . prosperous too.*

[মানুষ দশজনকে লইয়া বাস করে। তাহার চারিদিকে যদি লোকজন সুখী ও সমৃদ্ধ থাকে, তবে তাহারও সুখ ও সমৃদ্ধি লাভ ঘটে। চারিদিকের দুঃখদৈন্যের মধ্যে কাহারও দুঃখ-দৈন্যও দূর হইতে পারে না—কেহই সুখী হইতে পারে না।]

This is taken from 'The Road to Happiness'. The writer asks

us to be good and kind to others. The reason is simply this: One's good depends on the good of one's fellow-men. All of us live in society. The individuals go to make up society. If some individuals are happy and wealthy, and others are not, the society as a whole will not be happy. The misery of others will make the life of the happy individuals miserable. Either we shall be happy together or we shall not be happy at all.

Reason, *n.* কারণ; cause. Serve, *v.* সেবা করা; do good to:— *n.*=service. **Render,** *v.* প্রদান করা; give. **Services,** *n.* উপকার; useful works. **Expectation** (এক্‌স্‌পেক্‌টেশন্‌), *n.* প্রত্যাশা, আশা; hope:—*v.*=expect. Reward, *n.* পুরস্কার; recompense. Return, *n.* প্রতিদান; act of getting or giving back. Sense, *n.* বোধ; feeling. Feeling, *n.* অনুভূতি; sense. Pleasure, *n.* আনন্দ; happiness. Feed, *v.* খাওয়ায়; make eat. The hungry—ক্ষুধার্ত ব্যক্তিগণ; people desiring food. Clothe (ক্লোদ্‌), *v.* পোশাক পরায়; give cloth to. The naked—নগ্ন, উলঙ্গ ব্যক্তিগণ; people having no clothes. Nurse, *v.* সেবাশুশ্রূষা করা; tend. The sick—অসুস্থ ব্যক্তিগণ; people who are ill. Truly, *ad.* প্রকৃতপক্ষে; really.

Gram. notes:—*Expectation*—noun, abs., accusative case, govd. by the prep. 'without'. *Great*—adj., predicative in use, subj. compl. to the v. 'are'.

৮। তাহা হইলে দেখিতেছ যে, শুধু যদি আমাদের নিজ নিজ স্বার্থরক্ষা করিতে হয়, তাহা হইলেও সাধারণ হিতার্থে আমাদের কিছু কিছু ত্যাগস্বীকার করিতে হইবে। আমাদের চারিদিকে লোক সুখী ও সমৃদ্ধ না হইলে আমরা সুখী ও সমৃদ্ধ হইতে পারি না।

৯। কিন্তু শুধু এই কারণেই যে আমরা অপরের মঙ্গল করিব তাহা নয়। আমাদের স্বশ্রেণীর নরনারীকে সেবা করিবার জন্য আমাদের প্রবল ইচ্ছা থাকা উচিত। কোন কোন লোকের মধ্যে এই ইচ্ছা এতই বলবতী যে, তাঁহারা নিজেদের সম্বন্ধে যতটা ভাবেন তার চেয়ে অপরের সম্বন্ধে অনেক বেশী চিন্তা করেন। কোনও পুরস্কার বা প্রতিদানের আশা না করিয়া তাঁহারা সেবাকার্য করেন। কর্তব্যবোধে নয়, আনন্দের অনুভূতি লাভের জন্য তাঁহারা ক্ষুধিতকে খাওয়ান, উলঙ্গকে বস্ত্র দেন এবং রোগীকে সেবা করেন। এইরূপ লোক প্রকৃতই মহান্‌।

Para 10. Gist:—If one tries, one can be good, if not clever.

Clever (ক্লেভার্‌), *a.* বুদ্ধিমান্‌; talented. Top, *n.* শীর্ষদেশ; highest point. Come out at the top—সবচেয়ে উপরের স্থান লাভ করা; get the best position. Praise, *v.* প্রশংসা করা; speak well of. Admire, *v.* সশ্রদ্ধ প্রশংসা করা, ভালবাসা; look on with respect or pleasure. adore;

-n.=admiration. Possibly, *ad.* সম্ভবতঃ; probably. Envy, *n.* হিংসা; malice, grudge :—*a.*=envious. Prevent, *v.* বাধা দেওয়া; hinder :—n.=prevention. Remember, *v.* স্মরণ করা; bear in mind. Nobler, a. অধিকতর মহান্; greater. Cleverness, *n.* বুদ্ধি; intelligence.

Gram. notes :—*They*—personal pron., nom. case, subj. to the v. 'were' (as they were).

Transformation of a sentence :—How you.....they !—(Exclamatory). You wish very much that you were as clever as they.—(Assertive).

১০। কয়েকজন খুব বুদ্ধিমান্ বালক-বালিকা সর্বদাই পরীক্ষায় খুব ভাল করে এবং সর্বদাই শীর্ষস্থান অধিকার করে। যখন লোকে তাহাদের প্রশংসা করে ও ভালবাসে, তখন তোমরা সম্ভবতঃ তাহাদের হিংসার চোখে দেখ। তোমাদের খুব ইচ্ছা হয় যে, যদি তোমরাও তাহাদের মত বুদ্ধিমান্ হইতে! কিন্তু তোমাদের নিজেদের জন্য দুঃখ করার কোন কারণ নাই; যদিও তোমরা বুদ্ধিমান্ হইতে না পার, কিছুই তোমাদের ভাল হইতে বাধা দিতে পারে না। আর মনে রাখিবে, শুধু মাত্র বুদ্ধি অপেক্ষা সততা অনেক ভাল ও মহান্ জিনিস।

Para 11. Gist :—The gladness of spirit is the reward of the kind and good man.

Besides, *prep.* তাহা ছাড়া; moreover. Reward (রিওয়ার্ড্), *n.* পুরস্কার; return for merit. Fame, *n.* যশঃ, খ্যাতি; good reputation: —*a.*=famous. Wins, *v.* পায়, লাভ করে; gets. Wealth, *n.* সম্পত্তি, অর্থ; money, etc. :—*a.*=wealthy. Acquires (অ্যাকোয়ার্স্), *v.* লাভ করে, অর্জন করে; earns, gets. Gifts, *n.* বর, আশীর্বাদ; boons, blessings. Namely, *ad.* অর্থাৎ; that is to say. Gladness, *n.* আনন্দ; happiness, felicity :—*a.*=glad. Spirit, *n.* আত্মা; soul. Gladness of the spirit —আত্মার বা অন্তরের আনন্দ; spiritual pleasure. Richest, *a.* সবচেয়ে দামী; costliest. Gladdens (গ্ল্যাডেন্স্), *v.* আনন্দিত করে, উৎফুল্ল করে; makes happy, delights. Warm, *a.* উত্তপ্ত; moderately hot.

Expl. :—*It gladdens....winter morning.*

[অপরের উপকার করিলে যে আনন্দ পাওয়া যায়, তাহার একটা নিজস্ব মূল্য আছে। ইহার কাছে ইহাতে যে গভীর আনন্দ হয়, সেই আনন্দই পুরস্কারস্বরূপ। বাহিরের পুরস্কার মূল্যহীন বোধ হয়। শীতের সকালে উত্তপ্ত সূর্যকিরণ যেমন দেহ ও মনের আনন্দ দান করে, অপরের উপকার করিয়া অন্তরে সেইরূপ এক পরমানন্দ লাভ করা যায়।]

This is taken from 'The Road to Happiness'. The writer here speaks of the gladness of the spirit we enjoy by doing good

to others. The gladness thus enjoyed is the richest of all reward All other earthly rewards such as wealth, honour, etc. seem valueless in comparison with it. On a cold winter morning the warm sunrays are so pleasant. They please both our body and mind. So this selfless service to others is a source of infinite spiritual pleasure to us.

Gram. notes :—Note the distinction between *beside* and *besides*. *That*—relative pron., ante. 'fame', accusative case after the verb 'wins'.

১১। তাহা ছাড়া, সৎ ও দয়ালু লোকের পুরস্কারও আছে। তিনি খ্যাতি লাভ করিতে না পারেন অথবা অর্থ অর্জন করিতে না পারেন, তিনি লাভ করিবেন সর্বশ্রেষ্ঠ বর, অর্থাৎ অন্তরের আনন্দ। মলিন মুখে হাসি ফিরাইয়া আনিতে তিনি যে সাহায্য করেন তাহাই সবচেয়ে মূল্যবান্ পুরস্কার। ঠাণ্ডা শীতের সকালে সূর্যকিরণের মত ইহা তাঁহার অন্তরকে আনন্দময় করে।

Paras 12-13. Gist :—Goodness is a matter of habit and is sure way to happiness.

Will (উইল্), *n.* ইচ্ছা; wish. **Practise,** *v.* অভ্যাস করা; cultivate. Matter (ম্যাটার্), *n.* বিষয়; object, thing. Habit (হ্যাবিট্), *n.* অভ্যাস; repeated action :—*a.*=habitual. Is formed, *v.* গঠিত হয়; is made.

Expl. :—*Goodness is....it will be.*

[মানুষ সৎ হইবার ইচ্ছা না করিলে সৎ হইতে পারে না। কিন্তু সৎ হওয়া অভ্যাসের বশে ঘটে। সৎ হইবার অভ্যাস করিতে করিতে তবেই সৎ হওয়া যায়। অভ্যাস সহজে হয় না। তাই জীবনে যত শীঘ্র এই সৎ হইবার অভ্যাস করা যায় ততই মঙ্গল, আর তাহা হইলে এই অভ্যাস বেশ দৃঢ়মূল হইবে।]

This is taken from 'The Road to Happiness'. The writer says here that a good man has his reward, *viz.* the gladness of the spirit. But man cannot be good unless he wishes to be good. It depends on habit to be good. To be good in life requires incessant endeavour for its attainment. But habits are not easily formed. So it is necessary that this habit of doing good to others should be cultivated early in life. Thus after regular practice this habit will be deep-rooted.

Actions, *n.* কাজসমূহ; works. **Allusion** :—John Wesley—জন ওয়েস্‌লি। তিনি একজন পণ্ডিত ব্যক্তি ছিলেন। স্তোত্র সংগ্রহ করিয়া তিনি বিখ্যাত হন। তাঁহার লিখিত 'Journal' নামে বই আছে। তিনি ও তাঁহার ভাই চার্লস্ ওয়েস্‌লি 'মেথডিস্ট' নামে এক ধর্মপ্রাণ যুবসংঘ স্থাপন করিয়াছিলেন। John Wesley (1703—1791) was a man of deep learning, and famous

his collection of hymns. He wrote 'Journal' which is remarkable for observation of mankind. He and his brother Charles Wesley founded a 'Methodist' society of pious young men. Surer, *a.* অধিকতর নিশ্চিত; more definite:—*pos. deg.*=sure. There is.... happiness—সুখের ইহা অপেক্ষা অধিকতর সুনিশ্চিত পথ নাই, অর্থাৎ সর্বসময় লোকের মঙ্গল করিয়াই একমাত্র সুনিশ্চিত সুখ লাভ করা যায়; always by doing good to others one can be definitely happy. There is no other easier means to happiness.

Gram. notes:—*It*—personal pron., 3rd pers., sing. num., neuter gend., nominative case, subject to 'is formed', refers to 'habit'. *The* sooner—'the' is in *form* an adjective, demonstrative, in *use* it is an adverb, modi. the adj. 'sooner' (some say, it is a rel. adv.). *John Wesley*—proper noun, nominative, in apposition with 'man'.

১২। কিন্তু সৎ হইতে গেলে অবশ্যই তোমার সৎ হইবার ইচ্ছা থাকা চাই, এবং তুমি অবশ্যই জীবনের প্রারম্ভে সততা অভ্যাস করিতে আরম্ভ করিবে। সততা অভ্যাসের জিনিস, আর যত শীঘ্র এই অভ্যাস গঠন করা যায় ততই ইহা দৃঢ়মূল হইবে। আর তুমি সবার প্রতি ও সব কাজে সৎ হইবে। একদা জন ওয়েস্‌লি নামে এক মহৎ ব্যক্তিকে জিজ্ঞাসা করা হইয়াছিল যে কেমন করিয়া সুখী হওয়া যায়। তিনিও খুব সৎ লোক ছিলেন। তিনি উত্তর দিলেন, "দয়াবান্ ও সৎ হইয়া তুমি সুখী হইতে পার। যত পার, যত রকমে পার, যত লোকের প্রতি পার, যত স্থানে পার, যত সময়ে পার, যত দিন ধরিয়া পার, সর্বপ্রকারে মঙ্গল বিধান কর।"

১৩। সুখী হইবার অধিকতর সুনিশ্চিত পথ আর নাই।

Moral:—True happiness consists in doing good to our fellow-men. (পরোপকারেই প্রকৃত সুখ।)

Questions with Answers

Q. 1. Tell a story from the Bible about true neighbourly conduct.

Ans. Once a traveller was robbed and wounded in the way. Two priests went that way, but did not take care of the wounded man. A third man came, took care of the wounded man and carried him to an inn. This third man acted like a true neighbour.

Q. 2. How did men behave in very olden times?

Ans. In very olden times men behaved like savages. They quarrelled and fought with one another. They stole or took away others' property by force, and often killed one another.

Q. 3. How did men discover the art of living together?

Ans. When men became civilized, they made certain rule to guide their conduct. There are ten such rules in the Bible "Do not steal another's property", "Do not kill your fellow-men" are two of them. But these rules were not enough. These were only negative rules which indicated what should not be done. Some positive rules were also needed. So came the idea of 'Live and let live'. Men became more civilized and began to think how they could do good and help others. They now formed the idea of "to live one must help others". Thus they discovered the art of living together.

Q. 4. Why do we pay taxes?

Ans. We pay taxes so that schools and hospitals may be set up and maintained, roads and bridges may be built, railway trains may be run and streets may be kept clean. In this way taxes that we pay to the Government and the Municipality or the Union Board are spent for the common good.

Q. 5. What would happen if we did not pay taxes?

Ans. If we did not pay taxes, we would then have no schools or hospitals, no roads or bridges or railway trains. Towns and villages would be dirty and unhealthy. There would be no police to protect us from thieves and robbers. Everyone of us would lead a life of misery, and even our lives would be in danger.

Q. 6. Why should we make sacrifices?

Ans. We should make certain sacrifices for the common good. If we do not part with a portion of our earnings, we should then have no schools or hospitals, no roads or bridges or railway trains. Towns and villages would be dirty and unhealthy. There would be no police to protect us from thieves and robbers. Th making sacrifices we help others as well as ourselves. Th happiness and prosperity of the society, therefore, depend up our voluntary sacrifices.

Q. 7. "Such men are truly great".

What kind of men are referred to?

Ans. Men who do good to others not from a sense of du but out of a feeling of pleasure are truly great.

Q. 8. What is the surest way to happiness?

Ans. The surest way to happiness is to do good to others in all possible ways, at all times and places. Once a great man, John Wesley, gave the following ways of being happy. He said, "Do all the good you can, in all the ways you can, to all the people you can, in every place you can, at all the times you can, as long as ever you can."

Q. 9. Draw up a set of "Do's" and "Don'ts" of conduct for an ideal citizen.

Ans. Do good to your fellow-men.
Help your neighbour.
Always fall in a line when you buy tickets from the railway booking-window.
Pay your taxes.
Live and let live.
Don't steal others' property.
Don't kill your fellow-men.
Don't leave banana skins or dirty sweepings on the street.
Don't pelt stones at your neighbours' windows.
Don't store up food grains to make others starve.
Don't try to avoid paying taxes.

Grammar and Composition

(*For Questions see text.*)

I. **Sentences :—**

(i) Where there is a *will*, there is a way.
Do *good* to others.

(ii) Glad–gladden. The sunrays *gladden* heart on wintry days.
Cloth–clothe. The poor must be *clothed*.

(iii) A little while *later*, the man entered the room.
Ram and Hari are my neighbours; the *latter* is a great friend of mine.
A dog sat *beside* Ranu.
Besides this pencil, I have a good pen.
The sunshine is *warm*.
The book has been eaten into by *worms*.

2. **Examples showing difference in meaning between** *little, a little* and *the little* :–

I have *little* money left with me.

Give me a *little* soup.

He has *little* sense (*i. e.*, no sense).

He has *a little* sense (at least some sense).

The little advantage that he gained from it was helpful to him (*i. e.*, although not much yet....).

3. **Examples of the use of "the....*the*"** :–

The more, *the* merrier. *The* sooner, *the* better.

4. **Clause analysis** :–

(*a*) A. They saw–Pr. cl.

B. If they....way–Sub. adv. cl. to 'destroyed' in C.

C. Society....destroyed–Sub. n. cl., obj. to 'saw' in A.

(*b*) A. Once a great man was asked–Pr. cl.

B. Who was....man–Sub. adj. cl., quali. 'man' in A.

C. How one....happy–Sub. adv. cl., modi. 'was asked' in A.

5. **Rewriting** :–

(*a*) He acted as a true neighbour.

(*b*) Mere cleverness is not so good and noble as goodness.

6. **Sentence-making** :–

The nurse *took care of* his baby.

Lay down certain rules for the guidance of my conduct.

Every true citizen is ready to *part with* his money for the good of his country.

Out of sheer goodness he let you go.

New Type
Questions with Answers

Q. 1. Choose the right word from the following and fill the gaps :–

neighbourly, make, necessary, binds, enough, harm, about

It is—feeling that—society together. It is not—that we

cause nobody any – ; it is – that we should do all we can to – people – us happy.

Ans. neighbourly, binds, enough, harm, necessary, make, about.

Q. 2. The following sentences do not say right things ; say the right ones.

(*a*) You will find twenty rules in the Bible.
(*b*) To live one must fight with others.
(*c*) Goodness is not better than mere cleverness.

Ans. (*a*) ....ten rules....
(*b*) To live one must help others live.
(*c*) Goodness is better than mere cleverness.

---

17. ABOU BEN ADHEM AND THE ANGEL

(আবু বিন্ আদম ও স্বর্গীয় দূত)

Abou—একজন লোকের নাম ; the name of a person.
Ben Adhem—আদমের ছেলে ; the son of Adhem.
Abou Ben Adhem—আদমের ছেলে আবু ; Abou, the son of Adhem.

Substance :—Once there was a man named Abou Ben Adhem. One night he was sleeping peacefully. Suddenly he woke up. He saw an angel in his room. He was writing something in a book of gold. On being asked by Abou, the angel said that he was putting down the names of men who loved God. Abou learnt from the angel that his name was not in the list. Abou was not sorry. He requested the angel to put down his name as a lover of mankind, if not as a lover of God. The angel did so and vanished. The next night he came and showed that Abou's name was on the top of the list of blessed men.

Prose order, Word-notes, Explanations, etc.

Ls. 1-5. **Prose order :**—No change.

Gist :—Abou woke up one night and saw an angel in the room writing something in a book.

Abou Ben Adhem—আদমের পুত্র আবু ; Abou, son of Adhem. Tribe, *n.* বংশ ; family, lineage. **Increase,** *v. i.* বৃদ্ধি হওয়া ; multiply. May increase, *v. i.* বর্ধিত হউক ; may multiply. May.....increase—

তাঁহার বংশবৃদ্ধি হউক; তিনি সৎ ও পুণ্যবান্ বলিয়া কবি তাঁহার বংশবৃদ্ধি কামনা করেন; the poet wishes that his family should multiply. He was a pious and honest man. So the poet wishes that his family should multiply. Awoke, *v. i.* জাগরিত হইলেন; arose, got up. Deep, *a.* গাঢ়; profound. Dream, *n.* স্বপ্ন, (এখানে) নিদ্রা; vision, (here) sleep. Peace, *n.* শান্তি; tranquillity, quiet. Of peace—শান্তিপূর্ণ; peaceful, undisturbed. Deep dream of peace—profound sleep is peaceful because the mind is not disturbed by any evil thoughts. Moonlight, *n.* চন্দ্রালোক; moonbeam. In his room—তাঁহার ঘরের মধ্যে (পতিত); in his chamber. It=the room. Rich, *a.* সমৃদ্ধ, (এখানে) সুন্দর; beautiful. Making it rich—জমকাল করিয়া; causing it to appear gorgeous. Lily, *n.* পদ্ম; a kind of flower. Bloom, *n.* (পুষ্পের) প্রস্ফুটিত অবস্থা; the opening state of flower. In bloom—মুকুলিত প্রস্ফুটিত; blown. Like....bloom—প্রস্ফুটিত পদ্মের ন্যায়; like the full-blown lily. Angel (এঞ্জেল্), *n.* দেবদূত; heavenly messenger. Book of gold—স্বর্ণময় পুস্তক; golden book.

Expl.:—This is taken from 'Abou Ben Adhem and the Angel'. One night Abou Ben Adhem was fast asleep. He was a good man, and no evil thoughts disturbed his sleep. But he woke up to find an angel in his room. He was able to see the angel as the room was lit up by moonbeam. The moonlight made the room extremely beautiful. It looked like a full-blown lily. This angel was writing something in a golden book. In clear moonlight Abou saw this. The poet wishes that Abou's line (বংশ) may increase, so that there will be many good men like Abou in the world.

(Add notes on: *may his tribe increase; like a lily in bloom.*)

Gram. notes:—*May*—expresses a *desire*, optative mood; the sentence is called an optative sentence. *Night*—advl. obj., denoting time. *In bloom*—a. phr., quali. the n. 'lily'. *Angel*—obj. to 'saw'.

১-৫। আবু বিন্ আদম—(তাঁহার বংশবৃদ্ধি হউক)—একদিন রাত্রিকালে শান্তিময় গভীর নিদ্রা হইতে জাগিয়া উঠিলেন এবং ঘরের ভিতরে জ্যোৎস্নায় একটি দেবদূতকে স্বর্ণময় পুস্তকে লিখিতে দেখিতে পাইলেন। জ্যোৎস্নালোকে ঘরটি উজ্জ্বল ও প্রস্ফুটিত পদ্মের ন্যায় (দেখিতে) হইয়াছিল।

Ls. 6-10. Prose order:—Exceeding peace had made Ben

Adhem bold and he said to the presence in the room, 'What (writest thou) do you write?' The vision raised its head, and with a look all made of sweet accord, answered, 'The names of those who love the Lord'.

Gist:—At the request of Abou the angel said that he was writing the names of the lovers of God.

Exceeding, *a.* নিরতিশয়, অত্যন্ত; extreme, very great. Peace, *n.* শান্তি; calmness of mind. Bold, *a.* সাহসী; courageous. Exceeding....bold—অতিশয় শান্তিহেতু তাঁহার মনে কোন প্রকার ভয় ছিল না; he was not afraid of anybody because he had peace in his mind. Presence, *n.* উপস্থিত মূর্তি; form present, *i. e.*, the angel :—abstract for concrete. *The presence*—*i. e.*, the angel who was present. What writest thou?—আপনি কি লিখিতেছেন? What are you writing? Vision, *n.* ছায়ামূর্তি, অর্থাৎ দেবদূত; phantom, *i. e.*, the angel. Raised, *v. t.* উত্তোলন করিলেন; lifted. Look, *n.* চেহারা, মূর্তি; appearance. *Made of*—সংগঠিত, ব্যঞ্জক, সূচক; expressing. All, *ad.* সম্পূর্ণরূপে; completely. Sweet, *a.* মধুর; harmonious. Accord, *n.* মিলন; harmony. *Sweet* accord—মনোরম একতান, মনের ভাবসমূহের মধুর মিলন; charming melody. Look....accord—সম্পূর্ণ শান্তি বা প্রেমব্যঞ্জক আকৃতি; appearance completely expressing harmony and love. Answered, *v.* উত্তর করিলেন; replied.

Expl. :—This is taken from 'Abou Ben Adhem and the Angel'. Abou was a pious man. So there was perfect peace in his mind. This perfect peace made him bold. He asked the angel without fear what he was writing. The angel lifted up his head; he looked very lovely; his face expressed that his mind was very peaceful. He said that he was putting down the names of those that were lovers of God (*i. e.*, pious and devout men).

(Add notes on: *the presence; sweet accord.*)

Gram. notes :—*Bold*—predi. a., obj. compl. to the fact. v. 'had made'. *Made*—(Being) past part. *Made....accord*—adj. phr., quali. the n. 'look'. *The names*—I am writing the names of those, &c. *Names*—obj. to 'am writing' (understood).

৬-১০। মনের মধ্যে অত্যন্ত শান্তি ছিল বলিয়া বিন্ আদমের মনে কোন ভয় ছিল না এবং তিনি ঘরের ভিতরে উপস্থিত মূর্তিটিকে বলিলেন, "আপনি কি লিখিতেছেন?" ছায়ামূর্তি নিজ মাথা তুলিয়া শান্ত মধুর মুখভাব ধারণ করিয়া উত্তর দিলেন, "যাঁহারা ঈশ্বরকে ভালবাসেন আমি তাঁহাদের নাম লিখিতেছি।"

Ls. 11-14. **Prose order :**—Abou said, 'And is mine one?' The angel replied, 'Nay, not so'. Abou....men'.

Gist :—On learning that his name was not included in the list, Abou requested the angel to write his name as a lover of mankind.

Mine=my name. **And is mine one**—আমার নাম কি তাহার মধ্যে আছে; and is my name included in your list? **Nay,** *ad.* না হে; not even so. **Not so**—not such is the case. **Replied,** *v. t.* উত্তর করিলেন; answered. **Low,** *ad.* মৃদু স্বরে; in an undertone, softly. **Cheerly** =cheerily, *ad.* প্রফুল্ল অন্তরে; cheerfully. **Still,** *ad.* তবুও; yet. **Pray,** *v. t.* মিনতি করি; entreat. **Write me**—আমার নাম লিখুন; put down my name. **Fellow-men,** *n.* স্বজাতীয় লোক; fellow-creatures. **One.... fellow-men**—মানবপ্রেমিক; a lover of men.

Expl. :—This is taken from 'Abou Ben Adhem and the Angel'. Once Abou was fast asleep. Suddenly he woke up and saw an angel in his room. The angel was writing in a book of gold the names of those who loved God. Abou asked the angel whether he was writing his name in that book. The angel in reply said that he was not. At this, Abou was not sorry at all. He mildly but cheerfully requested the angel to put down his name as a person who had love for his fellow-creatures. In other words, Abou asked the angel to put down his name as a lover of men.

Gram. notes :—*Mine one*—Note, nouns are omitted after the double possessive forms; such as *mine, yours,* etc.

১১-১৪। আবু জিজ্ঞাসা করিলেন, "আমার নামটিও কি আছে?" দেবদূত উত্তর করিলেন, "না হে, তাহা নাই।" আবু আরও মৃদুস্বরে কিন্তু তবুও প্রফুল্ল অন্তরে বলিলেন, "তবে আমি আপনার নিকট প্রার্থনা করিতেছি, আপনি আমার নাম মানবপ্রেমিক বলিয়া লিখুন।"

Ls. 15-18. **Prose order :**—No change.

Gist :—Next day the angel showed him the list of blessed men and his name headed the list.

Vanished (ভ্যানিশ্‌ট্‌), *v. i.* অন্তর্হিত হইলেন; disappeared. **Wakening light**—যে আলোকে নিদ্রাভঙ্গ হয় এমন; light that rouses men from sleep. **Showed,** *v. t.* দেখাইলেন; exhibited. **Love of God**—ঈশ্বরপ্রেম; God's love for men. **Had blessed,** *v. t.* সুখী বা ধন্য হইয়াছিল; had made happy or fortunate. **Lo,** *intj.* ঐ দেখ; behold. **Led,** *v. t.* পথ দেখাইয়াছিল, অর্থাৎ সবচেয়ে উপরে ছিল; guided, headed. The

rest, *n. plu.* অবশিষ্টগুলি; the remaining ones. Ben Adhem's name ....rest—আবু বিন্ আদমের নাম অবশিষ্ট সকলের উপরে ছিল, অর্থাৎ সর্বপ্রথমে আবু বিন্ আদমের নাম ছিল; Abou Ben Adhem's name topped the list, *i. e.*, his name was at the top of all the names in the list.

Expl. :—This is taken from 'Abou Ben Adhem and the Angel'. Once Abou was asleep. An angel came to his room. He was writing something in a book of gold. Abou asked him what he was writing. The angel replied that he was writing the names of those who loved God. But the angel was not writing Abou's name. At this Abou did not become sorry. Cheerfully, Abou requested the angel to put down his name as one who loved his fellow-men. The angel put down Abou's name and went out of sight. He visited Abou next night with a light that made Abou wake up. The angel pointed out the names of those men that had received God's blessings, and showed him that his name topped the list. In other words, as love of men is nothing but love of God, Abou was found to be the greatest lover of God. So his name was at the top of the list of those men who loved God. He who loves men, the children of God, is the best lover of God.

Gram. notes :—*Night*—advl. obj., denoting time. *The next night*—ad. ph.

১৫-১৮। দেবদূত লিখিয়া অদৃশ্য হইলেন। পরদিবস রাত্রিকালে তিনি যে তীব্র আলোক লইয়া পুনরায় আবির্ভূত হইলেন তাহাতে আবুর নিদ্রাভঙ্গ হইল, এবং ঈশ্বরপ্রেমে যাঁহারা ধন্য হইয়াছেন তিনি (দেবদূত) তাঁহাদের নামগুলি দেখাইলেন। এবং ঐ দেখ! আবু বিন্ আদমের নাম সকলের উপরে ছিল (অর্থাৎ তাঁহার নাম সর্বপ্রথম লিখিত হইয়াছিল)।

Moral :—Love of fellow-creatures is love of God.

Questions with Answers

Q. 1. What did Ben Adhem see on waking up from sleep?

Ans. On waking up from sleep Ben Adhem saw an angel, writing in a book of gold.

Q. 2. What was the angel's answer to Ben Adhem's question?

Ans. Ben Adhem asked the angel what he was writing. The angel's answer was, 'The names of those who love the Lord.'

Q. 3. What was Ben Adhem's request to the angel?

Ans. Ben Adhem requested the angel, "I pray thee, then, write me as one that loves his fellow-men."

Q. 4. What did Ben Adhem learn the next night?

Ans. Ben Adhem learnt the next night that his name topped the list of the names of those who love the Lord.

Q. 5. What is the lesson of the story?

Ans. Love of men is the love of God. If we love man, God is pleased with us; He then blesses us with His love, because man is made in the image of God.

Grammar and Composition

(*For Questions see text.*)

1. **Parsing :–**

Saw–strong verb, transitive, active voice, indicative mood, past ind. tense, third pers., sing. numb., agreeing with its nom. 'Abou Ben Adhem', governing 'angel' as object.

Presence–noun, abstract for the concrete, singular number, accusative case after the prep. 'to'.

Vision–abs. noun, used as class noun, sing. numb., masc. gend., nomi. case, subj. to 'raised'.

Whom–rel. pron., antecedent 'those' understood, third pers., plu. numb., masc. gend., accusative case, obj. of 'had blessed'.

2. **Rewriting :–**

(*a*) Ben Adhem had been made bold by exceeding peace.

(*b*) Ben Adhem's name was at the top of all the rest.

3. **Analysis :–**

This is a compound sentence consisting of the following co-ordinate clauses :–

A. The next night....light.

B. (It) showed the....names (of those) whom....blessed.

(B) is a complex sentence consisting of :–

1. (It) showed....names (of those).

2. Whom love....blessed–Sub. adj. cl., quali. 'those' in B.

Connectives : and, whom.

New Type

Questions with Answers

Q. 1. Complete :–

And to the presence in the room —.
'What writest thou ?'–The vision raised —,
And with a look made of all sweet —,
Answered, "The names of those —."

Ans. See text.

Q. 2. Match the questions with answers in the following :–

Questions	*Answers*
What writest thou ?	Nay, not so.
And is mine one ?	The names of those who love the Lord.

Ans. What writest thou ? The names of those who love the Lord.

And is mine one ? Nay, not so.

Q. 3. Say 'yes' or 'no' to the following :–

(*a*) Did the angel write in a book of silver ?
(*b*) Did the angel write Adhem's name as one who hates his friends ?
(*c*) Did the angel show Abou the names of those who loved God ?

Ans. (*a*) No. (*b*) No. (*c*) Yes.

---

18. SAROJINI NAIDU

(সরোজিনী নাইডু)

Summary :–Sarojini Naidu was one of the great followers of Mahatma Gandhi. She was perhaps the most famous and beloved of all the great women of India. She took part in making India free. (*Paragraph 1*).

Sarojini Naidu was born of Bengali parents at Hyderabad in the Deccan on 13th February, 1879. Her father was a great scholar and a scientist. He founded the Nizam's College at Hyderabad. Sarojini's mother was a woman with poetic gifts.

Sarojini inherited this gift from her mother. From very early life Sarojini had great poetic feeling. She wrote poems on the exercise book meant for doing sums. Her father would be often pleased at this. At twelve she passed the Matriculation examination, and proceeded to England for higher studies. There she showed her poems to many learned Englishmen; they admired and appreciated her poetic abilities. As her health had broken down in the meantime, she now went to Italy to regain her health. Then she came back to India and was married in 1908. Her name now became Sarojini Naidu. But as wife and mother she did not lose her poetic talent, but continued to write beautiful poems. *(Paragraphs 2-6)*

But soon she felt that she must render some service for her motherland. So she occupied herself with the freedom movement in India. She became the President of the Indian National Congress in 1925. In spite of her ill-health she continued to work and suffer for the cause of the country. When India got independence, she was appointed the Governor of Uttar Pradesh. She died on March 2nd, 1949 while still in office. [She died on March 1st, 1949 (?)]. *(Paragraphs 7-8)*

Sarojini Naidu proved her abilities in different fields of work. But she will ever be remembered as a poetess and for her message of peace and truth and beauty. *(Paragraph 9)*

Word-notes, Allusions, Explanations, etc.

Para 1. **Gist**:—India, especially Bengal, is proud of Sarojini Naidu.

Recent, *a.* আধুনিক; modern. In recent time—আধুনিক কালে; during the modern age. Perhaps, *ad.* সম্ভবতঃ; probably. Beloved, *a.* প্রিয়; dear. Followers (ফলোয়ার্স), *n.* অনুচরগণ, শিষ্যসমূহ; disciples. The Mahatma Gandhi—for **Allusion** see the previous lesson, 'The Father of the Nation'. *Played her part*—অংশ গ্রহণ করিয়াছিলেন; participated in. **Especially** (এস্‌পেস্যালি), *ad.* বিশেষতঃ, বিশেষ করিয়া; particularly. *Was born of*—জন্মিয়াছিলেন।

Gram. notes:—*Free*—adj., predicative, obj. compl. to the v. 'make'.

Analysis:—But we, the people.... Bengali parents.

This is a compound sentence consisting of the following cls.:

A. But....proud—Pr. cl.

B. Because....parents—Co-ordinate cl. to A.

১। আধুনিক কালে ভারতের যে সকল মহীয়সী মহিলা জীবনব্যাপী কাজ করিয়া গিয়াছেন, তাঁহাদের মধ্যে শ্রীমতী সরোজিনী নাইডুই বোধ হয় সর্বাপেক্ষা বিখ্যাত ও প্রিয় ছিলেন। তিনি ছিলেন মহাত্মা গান্ধীর শ্রেষ্ঠ অনুচরদের অন্যতমা, এবং আমাদের দেশকে স্বাধীন করিবার কাজে তিনি সক্রিয় অংশ গ্রহণ করেন। ভারতবর্ষ তাঁহার জন্য গর্বিত। কিন্তু তাঁহার জন্য আমাদের বাঙ্গালীদের বিশেষভাবে গর্ববোধ করিবার কারণ আছে, কারণ সরোজিনী নাইডু ছিলেন বাঙ্গালী মাতাপিতার সন্তান।

Para 2. Gist :—Sarojini's father was a great educationist and her mother was a lady with great poetic talent.

Hyderabad—হায়দরাবাদ। যে সময়ের কথা বলা হইতেছে সে সময়ে হায়দরাবাদ একটি অর্ধ-স্বাধীন রাজ্য ছিল আর সেখানকার রাজা ছিলেন নিজাম। তখন সেখানে শিক্ষার বিস্তার ছিল না। সরোজিনী নাইডুর পিতা অঘোরনাথ চট্টোপাধ্যায় ঐ রাজ্যে শিক্ষাবিস্তারে যথেষ্ট চেষ্টা করেন। In those days we are speaking of, Hyderabad was a semi-independent State and the king's title was Nizam. There was no education in the State. But Sarojini's father, Aghorenath Chattopadhyay, did much to spread education in that State. Deccan, *n.* দাক্ষিণাত্য; the plateau in the south of India is known as such. *Came of*—জন্মলাভ করিয়াছিলেন; descended from. Bengali family—বাঙ্গালী পরিবার। এই পরিবার পূর্ববঙ্গের প্রসিদ্ধ পণ্ডিত বংশ। This family was a very old Brahmin family of East Bengal, which had been known for its love of Sanskrit. Sarojini Naidu wrote: "My grandfather, great-grandfather and others for thousands of years had been the lovers of the forests and mountains, lovers of learning, great dreamers, and great men, who did not take much interest in the world." Learning, *n.* শিক্ষা, পাণ্ডিত্য; erudition :—*v.*=learn. Scholar, *n.* পণ্ডিত; a very learned man. Her father was himself a great scholar—তাঁহার পিতা নিজে একজন খুব বড় পণ্ডিত ছিলেন। N. B. "My father is a dreamer himself, a great dreamer, a great man whose life has been a great failure. I think in the whole of India there are few men whose learning is greater than his, and I do not think there are many men more beloved. He has a great white beard, and the appearance of Homer, and a laugh that brings the roof down. He has spent all his money on two objects—to help others and on alchemy (রসায়ন বিদ্যা). He holds his big courts everyday in his garden of all the learned men of all religions :—rajas and beggars and saints

